বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা-১০০০ ।
Website: www.bb.org.bd

**সার্কুলার লেটার নং- এফইপিডি(এলডিএ)১৪৭/২০১৭-০৯**

তারিখ ঃ জুন ১৪, ২০১৭
জ্যৈষ্ঠ ৩১, ১৪২৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**প্রবাসী বাংলাদেশীদের জন্য রেমিট্যান্স সেবার মান বৃদ্ধি প্রসঙ্গে।**

প্রবাসী বাংলাদেশীদের জন্য রেমিট্যান্স সেবার মান বৃদ্ধির লক্ষ্যে জরুরি ভিত্তিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদের অনুরোধ করা যাচ্ছেঃ

ক) সংশ্লিষ্ট প্রতিটি শাখায় রেমিট্যান্স হেল্প ডেস্ক চালু করতে হবে;

খ) প্রবাস আয়ের বেনিফিসিয়ারীকে অগ্রাধিকার ভিত্তিতে রেমিট্যান্স সংক্রান্ত তথ্য প্রদান নিশ্চিত করতে হবে;

গ) গ্রাহক হয়রানি রোধে প্রতিটি শাখায় প্রবাসী/ প্রবাস আয়ের বেনিফিসিয়ারীদের জন্য আলাদা খাতায় ক্রমানুসারে অভিযোগ গ্রহণের ব্যবস্থা রাখতে হবে এবং পাক্ষিক ভিত্তিতে অভিযোগসমূহ (গৃহীত ব্যবস্থাসহ) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগকে অবহিত করতে হবে।

ঘ) প্রবাসীদের জন্য ব্যাংকের নিজস্ব ও সরকারের সকল ধরনের বিনিয়োগ সেবার প্রচার নিশ্চিত করতে হবে;

ঙ) বৈধ পথে রেমিট্যান্স আনয়নের সুবিধাদি প্রচার করতে হবে;

জরুরি পরিপালনার্থে অনুগ্রহপূর্বক উপরোক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

( মোঃ শহিদুল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২-৯৫৩০৬২৫